দৈনিক সংবাদ

তারিখ ...26 JUL 1995 ...
পৃষ্ঠা ৫ কলাম ২ ...

৭০

# ট্রেন থেকে খাতা ছিনিয়ে নেয়ার চেষ্টা, আহত ২

চাঁদপুর, ২৫শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।– এইচএসসি পরীক্ষার খাতাপত্রসহ রেলওয়ে মেইল সার্ভিসের ডাকসমূহ রক্ষা করতে গিয়ে মেইল ক্যারিয়ার নির্মল চন্দ্র দাস ও মেইল গার্ড মজিবুর রহমান খান মস্তানদের হাতে মারাত্মক আহত হয়েছে।

গতকাল রোববার রাত সাড়ে ১২টার দিকে চাঁদপুর থেকে লাকসামগামী ১৭৩ নম্বর আপ ট্রেনটি সাহাতলী পৌঁছলে একদল মস্তান আর এমএফএল–এর সংরক্ষিত কক্ষে প্রবেশ করে লুটপাট চালাতে চাইলে নির্মল ও মজিবুর তাদের বাধা দেয়। রাত সোয়া ১২টার দিকে ট্রেনটি চাঁদপুর কোর্ট স্টেশন থেকে ছাড়ার মুহূর্তে কলেজের ছাত্র পরিচয়ধারী ৪/৫ জন যুবক ট্রেনের ঐ কক্ষে করে ভ্রমণ করতে চাইলে তাদের কক্ষ থেকে নামিয়ে দেয়া হয়। ট্রেনটি সাহাতলী পৌঁছার সাথে সাথে ঐ যুবকরা সংরক্ষিত কক্ষে প্রবেশ করে পরীক্ষার খাতার ১১টি পার্সেলসহ ডাক বিভাগের ৪৬টি ব্যাগ নিয়ে টানা–হেঁচড়া করে।